যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২
মনিরামপুর, যশোর।
ফোনঃ ০২৪৭৭৭৬৪৯০৬ (অফিস), E-mail:jessorepbs2@yahoo.com, Web: pbs2.jessore.gov.bd


স্মারক নং- ২৭.১২.৪১৬১.৫১১.০১.০০৭.২০২৩. ৩৫০৫

তারিখঃ ১৩ ফাল্গুন' ১৪২৯ বাং
২৬ ফেব্রুয়ারি' ২০২৩ খ্রিঃ

# "নিলাম বিজ্ঞপ্তি"

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কনডেম ঘোষিত সিঙ্গেল কেবিন পিক-আপ গাড়ী নং-যশোর-ম-১১-০০২৯ "যেখানে যে অবস্থায় আছে" ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নের বর্ণনা ও শর্ত অনুযায়ী আগ্রহী ক্রেতা/ প্রতিষ্ঠান এর নিকট থেকে সাদা কাগজ/ নিজস্ব লেটার হেড প্যাডে পূর্ণ ঠিকানা, স্বাক্ষর ও সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | যানবাহনের বিবরণ | পরিমাণ (টি) | উদ্ধৃত মূল্য | |
|---|---|---|---|---|
| | | | একক মূল্য (টাকা) | মোট মূল্য (টাকা) |
| ০১ | সিঙ্গেল কেবিন পিক-আপ গাড়ীঃ<br>রেজিঃ নং-যশোর-ম-১১-০০২৯,<br>চেচিস নং- JAATFS30HI-7100292<br>ইঞ্জিন নং- 22IF25 006644<br>প্রস্তুতকারকঃ ইস্যুজু মটর লিঃ, মডেল-২০০২<br>আসন সংখ্যাঃ ০৩ জন, সিসিঃ ২২০০<br>রং- সাদা। | ০১ টি | | |

শর্তাবলীঃ

০১) নিলাম দরপত্রটি আগামী **১২/০৩/২০২৩ খ্রিঃ** তারিখ (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) দুপুর ১১:০০ ঘটিকা পর্যন্ত (ক) পরিচালক, পবিস মঃ ও ব্য: প: (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা ও (খ) সিনিয়র জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২, মনিরামপুর, যশোর এ রক্ষিত টেন্ডারবক্সে দাখিল করতে হবে। দরপত্রটি একই দিন অর্থাৎ **১২/০৩/২০২৩খ্রিঃ** তারিখ বেলা ১১:০৫ ঘটিকার সময় উল্লেখিত স্থান সমূহে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০২) নিলাম দরপত্রে উদ্ধৃত একক মূল্য ও মোট মূল্য স্পষ্টাক্ষরে লিখতে হবে। উদ্ধৃত একক মূল্য ও উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রে একক মূল্য গ্রহণযোগ্য মূল্য হিসেবে বিবেচনা করা হবে। দরপত্র গ্রহণের ক্ষেত্রে সর্বোচ্চ মূল্যকে গৃহীতদর হিসেবে বিবেচনা করা হবে। তবে সমিতি কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন মূল্যের চেয়ে কম মূল্যে দাখিলকৃত নিলাম দরপত্র বিবেচনা করা হবে না। সীল মোহরকৃত নিলাম দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে **" যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কনডেম ঘোষিত যানবাহনের নিলাম দরপত্র"** কথাটি স্পষ্ট করে উল্লেখ করতে হবে। দরপত্রে কোন কাটাছেঁড়া/ ঘষামাজা করা যাবে না।

০৩) নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই কোন দরপত্র গ্রহণ করা হবে না। ই-মেইল, ডাক ও কুরিয়ার সার্ভিস যোগে কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না।

০৪) নিলামে যানবাহন ক্রয়ের জন্য নিলাম দরদাতাকে উদ্ধৃত মোট নিলাম দরের ২৫% (পঁচিশ শতাংশ) হারে আর্নেষ্ট মানি/ নিরাপত্তা জামানত **"যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২"** এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায়, নিলাম দরপত্র বিবেচনা করা হবে না।

০৫) আগ্রহী নিলাম দরদাতাগণ অত্র সমিতির সদর দপ্তর হতে আগামী ১১/০৩/২০২৩ খ্রিঃ তারিখ অফিস সময়ের মধ্যে নিলাম দরপত্রের জন্য অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং সমিতি কর্তৃপক্ষের সাথে যোগাযোগ পূর্বক যানবাহন এবং মোটর যানবাহন সংশ্লিষ্ট প্রয়োজনীয় কাগজপত্রসমূহ পরিদর্শন করতে পারবেন। দরপত্র দাখিলের পর সর্বোচ্চ দরদাতা হিসাবে বিবেচিত হলে যানবাহন এবং কাগজপত্রের বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না। সর্বোচ্চ নিলাম দরদাতাকে যানবাহন এবং কাগজপত্র যেখানে যে অবস্থায় আছে সে অবস্থাতেই গ্রহন করতে হবে। অন্যথায়, জামানত বাবদ প্রদত্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সমিতির অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

চলমান পাতা-০২

০৮) সর্বোচ্চ নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানো/ কার্যাদেশ প্রদানের ১৫ (পনেরো) দিনের মধ্যে যানবাহনের বিপরীতে দাখিলকৃত মোট মূল্যের অবশিষ্ট ৭৫% মূল্য এবং দাখিলকৃত নিলাম দরের উপর ৫% হারে উৎসকর ও ৭.৫০% হারে ভ্যাট নগদ/ ব্যাংক ড্রাফট এর মাধ্যমে যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে পরিশোধ করে যানবাহন গ্রহণ করতে হবে। উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ পরিশোধ করে যানবাহন গ্রহণে ব্যর্থ হলে নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত করা হবে। ব্যাংক ড্রাফট এর ক্ষেত্রে ব্যাংক ড্রাফট নগদায়নের পর যানবাহন সরবরাহ করা হবে। অকৃতকার্য নিলাম দরদাতাকে আর্নেষ্ট মানি নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।

০৯) উল্লেখিত যানবাহন নিয়মানুযায়ী ডিসপোজালের পর পবিসের প্রধান গেটের বাইরে যাওয়ার পর উক্ত যানবাহনের বিষয়ে পবিস কর্তৃপক্ষের কোন দায়বদ্ধতা থাকবে না।

১০) যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকেই যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১১) উল্লেখিত শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২) আগ্রহী নিলাম দরদাতাগণ, নিলাম বিজ্ঞপ্তিটি সমিতির ওয়েব সাইট **WEB:pbs2.jessore.gov.bd** এ দেখতে পারবেন।

২৮/০২/২৩

( প্রকৌঃ মনোহর কুমার বিশ্বাস )
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ।

০১) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপবিবো, যশোর জোন, যশোর।
০৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা-বিজ্ঞপ্তিটি বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের সদয় অনুরোধসহ।
০৪) জেলা প্রশাসক, যশোর।
০৫) পুলিশ সুপার, যশোর।
০৬) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----------পবিস-১/২/৩/৪।
০৭) মেয়র, পৌরসভা কার্যালয়, মনিরামপুর।
০৮) নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, যশোর।
০৯) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ সড়ক ও জনপদ, যশোর।
১০) উপজেলা নির্বাহী অফিসার, যশোর।
১১) ডিজিএম, কারিগরী/কেশবপুর/নড়াইল/নওয়াপাড়া/লক্ষীপাশা/কালিয়া জোঃ অঃ, যশোর পবিস-২।
১২) এজিএম (ওএন্ডএম), সিংগরদাড়ী/রাজগঞ্জ/সিংগাড়ী সাব-জোনাল অফিস, যশোর পবিস-২।
১৩) এজিএম (অর্থ-হিসাব), যশোর পবিস-২।
১৪) এজিএম (আইটি), যশোর পবিস-২-বিজ্ঞপ্তিটি যশোর পবিস-২ এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
১৫) মেসার্স-------------------------------------।
১৬) নোটিশ বোর্ড, যশোর পবিস-২।
১৭) অফিস কপি/ মাস্টার কপি।

২৮/০২/২৩

( ফজলুল আনোয়ার )
এজিএম (প্রশাসন)

E:\AKHI\HR (GS)\Tender\NILAM\2022-23\মোটর সাইকেল নিলাম.docx